

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৯.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ জাহাঙ্গীর কবির, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, চৌগাছা, যশোর একই জেলাধীন ঝিকরগাছা, যশোর-এ কর্মকালীন ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকা অনুযায়ী একজন প্রশিক্ষিত যুবকে সর্বোচ্চ ৩ দফা পর্যন্ত ঋণ দেয়ার বিধান থাকলেও তা প্রতিপালন না করে উক্ত কার্যালয় হতে ৭ জন ঋণীকে ৪-৭ দফা পর্যন্ত ঋণ প্রদান করার অভিযোগে অধিদপ্তরের ২১-৬-২০১৬ খ্রিঃ তারিখের ১৭২ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ৩১-৭-২০১৬ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীকালে তিনি লিখিত বক্তব্যের পুনরাবৃত্তি করে বলেন, যে ৭ জনকে দফা অতিক্রম করে তিনি ঋণ দিয়েছেন তারা সকলেই ঋণী হিসাবে ভাল এবং তাদের প্রকল্প গুলোও ভাল ছিল। তাছাড়া পূর্বে দফা অতিক্রম করে ঋণ না দেয়ার বিষয়ে নির্দেশনা থাকলেও কড়াকড়ি ছিল না। তিনি আরও বলেন তিনি সরল বিশ্বাসে ভাল ঋণী হিসেবে ৭ জনকে ঋণ দিয়েছেন। তাদের সকলেই ইতোমধ্যে ঋণ পরিশোধ করেছেন। তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা চান এবং ভবিষ্যতে এ ধরনের ভুলের পুনরাবৃত্তি করবেন না মর্মে অঙ্গীকার করেন;

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্য, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় দফা অতিক্রম করে বিতরণকৃত ঋণ সমূহ ইতোমধ্যে পরিশোধিত হয়েছে। অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে এটিই প্রথম অভিযোগ। নথিপত্র দৃষ্টে তার বর্তমান কাজ সন্তোষজনক। সার্বিক অবস্থা পর্যালোচনায় জনাব মোঃ জাহাঙ্গীর কবির-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ জাহাঙ্গীর কবির, ক্রেডিট সুপারভাইজার-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে ভবিষ্যতে এ ধরনের আচরণ থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৯.২০১৬-২৫৯

তারিখঃ ২০-৯-২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, চৌগাছা/ ঝিকরগাছা, যশোর।
- ০৬। জনাব মোঃ জাহাঙ্গীর কবির, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, চৌগাছা, যশোর।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।